# আমায় বোঝনি - সানিউর রহমান

কেন তুমি আমায় বোঝনি?

কেন আমায় ফিরে দেখনি?

জানি তুমি আসবেনা কোনদিন,

বলেছিলে থাকবে চিরদিন।

আমাকে একা ফেলে কেন যে চলে গেলে দুরে?

কারনটা আমি বুঝিনি,

আমাকে তুমি বোঝনি।

দুঃখের জলে ভাসিয়ে গেলে

আশায় আছি এই বুঝি এলে।

বরষার বৃষ্টি যে আসে

মনে হয় আছ যে পাশে।

তোমাকে ভেবে ভেবে নয়ন মোর জলে যে ভিজেছে।

সে জল যে তুমি দেখনি,

সে জল আমিও মুছিনি।

জানানোর চেষ্টা করেছি

আমি কত কষ্টে যে আছি।

কারনটা তুমি শোননি

আমাকে তুমি বোঝনি।

যদি তুমি শুনতে আমার কষ্ট তবে ছেড়ে যেতে না।

কখনো তুমি শোননি

কখনো আমি বলিনি।